

তারিখ : ০৭/১১/২০২৩

## বোর্ডবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আযম খান সরকারি কমার্স কলেজে একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ ২০২৩-২৪) অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ও সাধারণ কোটায় বোর্ডবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে (EFT) মাধ্যমে অনলাইনে সরাসরি শিক্ষার্থীদের একাউন্টে প্রেরণ করা হবে।

এমতাবস্থায় ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রশাসনিক ভবনের ২য় তলা থেকে কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম সংগ্রহ করে তা পুরণপূর্বক আগামী ১৩/১১/২০২৩ তারিখের মধ্যে উক্ত স্থানে কলেজ হিসাবরক্ষক এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরাও একই নিয়মে তথ্য ফরম জমা দিবে। অনার্স ১ম বর্ষ (শিক্ষাবর্ষ ২০২২-২৩) এবং অন্যান্য শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী যারা বৃত্তিপ্রাপ্ত হওয়া সত্ত্বেও ইতিপূর্বে আবেদন করেনি তাদেরকেও আবেদন করার নির্দেশ প্রদান করা হলো।

সঠিক তথ্য সরবরাহে ব্যর্থ হলে বৃত্তিপ্রাপ্তি জটিলতায় সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে।

### প্রয়োজনীয় তথ্যাদি :

১। শিক্ষার্থীদের তফসিলভুক্ত ব্যাংকে নিজ নামে ব্যাংক হিসাব খোলার কপি (ইংরেজিতে টাইপ করা নাম সম্বলিত ব্যাংকের দলিল যেমন : MICR চেক বা ব্যাংক স্টেটমেন্ট এর কপি)

বিঃদ্র: ব্যাংক শাখার নাম, রাউটিং নম্বর উল্লেখ থাকতে হবে।

২। ১৩ - ১৭ ডিজিটের অনলাইন সচল ব্যাংক হিসাব নম্বর (বৃত্তির গেজেটে শিক্ষার্থীদের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে)।

৩। কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম।

বিঃদ্র: যে সকল শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক একাউন্ট নাই তাদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রফেসর কাউন্সিল চন্দ্র মন্ডল (৬৬৬৪)

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা। ০৭/১১/২০২৩